# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৮

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - কবরের ‘আযাব

بَاب اِثْبَاتِ عَذَابِ الْقَبْرِ

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ يَهُودِيَّةً دَخَلَتْ عَلَيْهَا فَذَكَرَتْ عَذَابَ الْقَبْرِ فَقَالَتْ لَهَا أَعَاذَكِ اللَّهُ مِنْ عَذَابِ الْقَبْرِ فَسَأَلَتْ عَائِشَةُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ عَذَابِ الْقَبْرِ فَقَالَ: «نَعَمْ عَذَابُ الْقَبْرِ قَالَت عَائِشَة رَضِي الله عَنْهَا فَمَا رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بعد صلى صَلَاة إِلَّا تعوذ من عَذَاب الْقَبْر»

বাংলা

১২৮-[৪] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদা এক ইয়াহুদী নারী তাঁর কাছে এলো। সে কবরের ’আযাব প্রসঙ্গে কথা উঠাল এবং বলল, হে ’আয়িশাহ্! আল্লাহ তা’আলা তোমাকে কবরের ’আযাব থেকে মুক্তি দিন। অতঃপর ’আয়িশাহ্ (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কবরের ’আযাবের সত্যতা প্রসঙ্গে জিজ্ঞেস করলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হাঁ, কবরের ’আযাব সত্য। ’আয়িশাহ্ (রাঃ) বলেন, অতঃপর আমি কক্ষনো এমন দেখিনি যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন অথচ কবরের ’আযাব হতে আল্লাহর নিকট মুক্তির দু’আ করেননি। (বুখারী, মুসলিম)[1]

## English

Chapter: Confirmation of the Punishment in the Grave - Section 1

‘A’isha told of a Jewess who visited her and mentioned the punishment in the grave adding, “May God preserve you from the punishment of the grave!” ‘A’isha asked God’s messenger about the subject and he said, “Yes, the punishment in the grave is real.” ‘A’isha said, “After that I never saw God’s messenger observing a prayer without seeking God’s protection from the punishment in the grave.”

(Bukhari and Muslim.)

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৩৭২, মুসলিম ৯০৩, আহমাদ ২৫৪১৯, সহীহাহ্ ১৩৭৭, সহীহ আত্ তারগীব ৩৫৪৭। হাদীসের শব্দগুলো বুখারীর।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস থেকে প্রমাণিত হয় যে, ইয়াহূদীরাও কবরের শাস্তিকে স্বীকার করে এবং তা সত্য বলে মানে।

উল্লেখিত রিওয়ায়াতগুলোর সমাধান হলো নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমে ইয়াহূদীকে সমর্থন করেন তার কাছে ওয়াহী অবতীর্ণ হওয়ার আগে। তারপরে তিনি ওয়াহী অবতীর্ণ হলে জানিয়ে দেন এবং সকলকে কবরের ‘আযাব থেকে আশ্রয় প্রার্থনার আদেশ দেন। (আল্লাহ ভালো জানেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54687

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন